যায়যায়দিন

14 OCT 2008
১৬

# ৯ বছর পর শুরু হচ্ছে শিক্ষা জরিপ

## সঠিক ও নির্ভুল তথ্য প্রদানের অঙ্গীকার

যাযাদি রিপোর্ট

দেশের প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় পর্যন্ত বিরাজমান তথ্য সঙ্কট আর ভুলে ভরা বিভ্রান্তিকর তথ্যের অবসান ঘটাতে দেশব্যাপী শিক্ষা জরিপ চালানোর উদ্যোগ নেয়া হয়েছে। নয় বছর পর বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) উদ্যোগে আগামীকাল থেকে এ জরিপ শুরু হতে যাচ্ছে। গতকাল ব্যানবেইস সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়।

এ জরিপে সুফল বয়ে আসবে বলে আশাবাদ ব্যক্ত করে ব্যানবেইসের পরিচালক আহসান আবদুল্লাহ ঘোষণা দিলেন, ষষ্ঠ শ্রেণী থেকে শিক্ষার সর্বোচ্চ পর্যায় অর্থাৎ বিশ্ববিদ্যালয় পর্যন্ত পৃ ১৫ ›› ক ১

## ৯ বছর পর শুরু হচ্ছে শিক্ষা জরিপ

*(শেষ পৃষ্ঠার পর)*

(পোস্ট প্রাইমারি শিক্ষা) শিক্ষার পরিপূর্ণ, সঠিক ও হালনাগাদ তথ্য সংগ্রহের লক্ষ্য নিয়ে আগামী বুধবার থেকে দেশব্যাপী শুরু হতে যাচ্ছে 'জাতীয় শিক্ষা জরিপ-২০০৮'। এ সময় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক সালেহ আহমেদ এবং ব্যানবেইসের বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

১৫ নভেম্বর পর্যন্ত চলা দেশের শিক্ষার সবচেয়ে গুরুত্বপূর্ণ এ জরিপে বেরিয়ে আসবে দেশের ৩৪ হাজার পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, আসনসহ শিক্ষার সঙ্গে সম্পৃক্ত সব ধরনের তথ্য। এ কাজে কেবল জেলা-উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাদের প্রত্যক্ষ সম্পৃক্ততাই নয়, বিশাল এ কর্মযজ্ঞ সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রতিষ্ঠানগুলো থেকে সরাসরি তথ্য সংগ্রহ করবেন এ কাজে ব্যানবেইসের নিয়োজিত ১ হাজার ৬০০-র বেশি গণনাকারী। অসংখ্য ক্যাটাগরিতে করা প্রশ্নের মাধ্যমে শিক্ষার সার্বিক চিত্রকে তুলে ধরবেন সর্বনিম্ন স্নাতক ডিগ্রিধারী মেধাবী ও প্রশিক্ষিত গণনাকারীরা।

ব্যানবেইসের পরিচালক আহসান আবদুল্লাহ পুরো কাজে দেশের সব শ্রেণী-পেশার মানুষের সহযোগিতা কামনা করে বলেছেন, দেশের কোনো প্রান্তের কোনো শিক্ষা প্রতিষ্ঠানের একটি তথ্যও যেন জরিপের আওতার বাইরে না থেকে যায়। ১৯৯৯ সালে শিক্ষা জরিপের পর গুরুত্বপূর্ণ এ কাজে মন্ত্রণালয়ের অর্থ বরাদ্দ না থাকাসহ বিভিন্ন দুর্বলতার কারণে শিক্ষা জরিপ করা সম্ভব হয়নি। ফলে অসম্পূর্ণ ও বিভ্রান্তিকর তথ্যের কারণে শিক্ষার অগ্রযাত্রা যেমন বাধাগ্রস্ত হয়েছে একই সঙ্গে ব্যাহত হয়েছে দেশের সার্বিক অগ্রযাত্রা।